# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 15 June, 2025

চট্টগ্রামের মিরসরাই উপজেলার বড়দারোগাহাট এলাকার রূপসী ঝর্ণায় কূপে ডুবে আসিফ উদ্দিন (২৪) নামে এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে।রবিবার (১৫ জুন) সকাল সাড়ে ১১টার দিকে এ ঘটনা ঘটে।

আসিফ উদ্দিন চট্টগ্রাম নগরীর সদরঘাট থানার পূর্ব মাদারবাড়ি কামাল গেট এলাকার বাসিন্দা মো. গোলাপের ছেলে।তিনি ইসলামিয়া ডিগ্রি কলেজের ফাইন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগের ৪র্থ বর্ষের শিক্ষার্থী ছিলেন।

এর আগের দিন শনিবার (১৪ জুন) বিকেল সাড়ে ৪টার দিকে সীতাকুণ্ড উপজেলার বারৈয়াঢালা ইউনিয়নের ছোটদারোগাহাট এলাকায় সহস্রধারা-২ ঝর্ণায় পানিতে ডুবে মারা যান তাহসিন আনোয়ার (১৭)।তিনি চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজের এসএসসি পরীক্ষার্থী ও জীবন বীমা করপোরেশনের মহাব্যবস্থাপক (উপসচিব) লুৎফুন নাহারের একমাত্র সন্তান ছিলেন।

জানা গেছে, রবিবার সকালে চট্টগ্রাম শহর থেকে আসিফ  আরও চার বন্ধুসহ রূপসী ঝর্ণায় ঘুরতে আসেন।সকাল সাড়ে ১১টার দিকে সবাই মিলে ঝর্ণায় গোসল করতে নামেন।হঠাৎ আসিফ নিখোঁজ হয়ে পড়েন।বন্ধুরা অনেক খোঁজাখুঁজি করেও তাকে না পেয়ে জরুরি সেবা নম্বর ৯৯৯-এ ফোন দেন।

খবর পেয়ে মিরসরাই ফায়ার সার্ভিসের উদ্ধারকারী দল ঘটনাস্থলে পৌঁছে ডুবুরি ও স্থানীয়দের সহায়তায় দুপুর ১টার দিকে তার মৃতদেহ উদ্ধার করে।

নিহতের বন্ধু মেহেদী হাসান সাংবাদিকদের বলেন, ‘সকাল সাড়ে ১১টার দিকে আমরা পাঁচ বন্ধু মিলে রূপসী ঝর্ণায় আসি।ঝর্ণার পানিতে সবাই মিলে গোসল করছিলাম।কিছুক্ষণ পর আসিফকে দেখতে না পেয়ে খোঁজাখুঁজি শুরু করি।না পেয়ে ৯৯৯-এ ফোন দিই।এরপর ফায়ার সার্ভিস এসে মরদেহ উদ্ধার করে।মুহূর্তেই আমার বন্ধু চলে গেল, বিশ্বাস করতে পারছি না।ওর পরিবারকে কীভাবে খবর দেব, বুঝতে পারছি না।

মিরসরাই ফায়ার সার্ভিসের কর্মকর্তা এবং উদ্ধারকারী টিম লিডার শাহলঙ্গ মারমা বলেন, ‘৯৯৯ নম্বরে খবর পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছি।স্থানীয়দের সহায়তায় দীর্ঘ এক ঘণ্টার চেষ্টায় ডুবুরি দল মরদেহ উদ্ধার করে।পরে তা পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

নিজামপুর পুলিশ তদন্ত কেন্দ্রের ইনচার্জ জাহিদ আরমান বলেন, ‘ঘটনার খবর পেয়ে আমরা দ্রুত ঘটনাস্থলে যাই।আইনি প্রক্রিয়া শেষে লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হবে।

কলেজ ছাত্র

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:07

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758073417